BeBrainer
IT'S POSSIBLE

BeBrainer Nursing

Established 2016

ফার্স্ট টাইমার

নার্সিং ফুল কোর্স ২০২৬-২৭

LECTURE-29

বাংলা

গদ্য: বিলাসী + অর্ধাঙ্গী + যৌবনের গান





Instructor:
সানজিদুল ইসলাম সিহাব

BeBrainer IT'S POSSIBLE

BeBrainer Nursing Premium Paid Course

বিষয়: বাংলা সাহিত্য

টপিক:

বিলাসী, অর্ধাঙ্গী ও যৌবনের গান

শরৎচন্দ্র চট্টোপাধ্যায় | রোকেয়া সাখাওয়াত হোসেন | কাজী নজরুল ইসলাম

আজকের ক্লাস প্ল্যান

BeBrainer
IT'S POSSIBLE

আজকের ক্লাসে যা যা পড়ব

- **প্রতিটি গদ্যে:** লেখক পরিচিতি, পাঠ-পরিচিতি ও মূলভাব
- গুরুত্বপূর্ণ উক্তি ও তার অর্থ
- পরীক্ষায় আসার উপযোগী শব্দার্থ ও টীকা
- প্রতিটি গদ্যের শেষে **১০টি MCQ**

০১ বিলাসী

শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

গল্প

০২ অর্ধাঙ্গী

রোকেয়া সাখাওয়াত হোসেন

প্রবন্ধ

০৩ যৌবনের গান

কাজী নজরুল ইসলাম

প্রবন্ধ
(অভিভাষণ)

BeBrainer
IT'S POSSIBLE



টপিক ০১

বিলাসী

শরৎচন্দ্র চট্টোপাধ্যায় • গল্প • জাতিভেদের সংকীর্ণ সীমা ছাপিয়ে ওঠা মানবপ্রেমের মহিমা

লেখক পরিচিতি: শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

সর্বাধিক গুরুত্বপূর্ণ

BeBrainer
IT'S POSSIBLE

জন্ম	১৫ সেপ্টেম্বর ১৮৭৬, দেবানন্দপুর গ্রাম, হুগলি, পশ্চিমবঙ্গ
পিতা / মাতা	মতিলাল চট্টোপাধ্যায় / ভুবনমোহিনী দেবী
শিক্ষা	এন্ট্রান্স পাস; এফএ ক্লাসে পড়ার সময় ছাত্রজীবনের অবসান
কর্মজীবন	১৯০৩ সালে রেঙ্গুনে (বার্মা) অ্যাকাউন্টেন্ট জেনারেলের অফিসে কেরানি
উপাধি	অপরাজেয় কথাশিল্পী
প্রথম মুদ্রিত রচনা	মন্দির (গল্প), কুন্তলীন পুরস্কারপ্রাপ্ত
খ্যাতি	১৯০৭ সালে বড়দিদি প্রকাশের পর সাহিত্যিক খ্যাতি ছড়ায়
সম্মাননা	জগত্তারিণী স্বর্ণপদক (কলকাতা বিশ্ববিদ্যালয়, ১৯২৩); ডি.লিট (ঢাকা বিশ্ববিদ্যালয়, ১৯৩৬)
মৃত্যু	১৬ জানুয়ারি ১৯৩৮, কলকাতা

পথের দাবী রাজনৈতিক উপন্যাস; ব্রিটিশ সরকার এটি **বাজেয়াপ্ত** করে। মূল বিষয় বাঙালি হিন্দু সমাজ ও পরিবার; নিচুতলার মানুষ আর নারীর মহিমা তাঁর লেখার প্রাণ।

শরৎচন্দ্র চট্টোপাধ্যায়: উল্লেখযোগ্য রচনা

পরীক্ষায় আসে

BeBrainer
IT'S POSSIBLE

উপন্যাস ***

পল্লী-সমাজ, দেবদাস, চরিত্রহীন, শ্রীকান্ত, গৃহদাহ, দেনাপাওনা, পথের দাবী, দত্তা, চন্দ্রনাথ

গল্প

মন্দির, বিলাসী, অভাগীর স্বর্গ, মহেশ, আঁধারে আলো

ছদ্মনাম

অনিলা দেবী

কেনেরু

উপাধি → অ. কথা


পাঠ-পরিচিতি: বিলাসী

VVI

BeBrainer
IT'S POSSIBLE

প্রথম প্রকাশ	ভারতী পত্রিকা, বৈশাখ ১৩২৫ (১৯১৮ খ্রিষ্টাব্দ)
বর্ণনাকারী	ন্যাড়া নামের এক যুবকের নিজের জবানিতে (উত্তম পুরুষে বর্ণিত)
বিশেষত্ব	গল্পে শরৎচন্দ্রের প্রথম জীবনের ছায়াপাত ঘটেছে; লেখক নিজেই একটি চরিত্র হয়ে কথক
মূল বিষয়	ব্যতিক্রমধর্মী দুই মানব-মানবীর প্রেমের মহিমা, যা জাতিগত বিভেদের সংকীর্ণ সীমা ছাপিয়ে ওঠে

মূলভাব: কায়স্থের ছেলে মৃত্যুঞ্জয় আর সাপুড়ের মেয়ে বিলাসী, সমাজের চোখে অসম এই দুজনের ভালোবাসা জাতপাতের দেয়াল ভেঙে দেয়। কর্মনিপুণ, বুদ্ধিমতী ও সেবাব্রতী বিলাসী প্রেমের জন্য বেছে নেয় স্বেচ্ছামৃত্যু। তার আলোয় ধরা পড়ে সমাজের অনুদারতা, রক্ষণশীলতা আর জীবনের নিষ্ঠুর চেহারা।


× ভেক্টর
ব্যতিক্রমধর্মী দুই শব্দের সন্ধি
সাধিত শব্দ
বিলাসী

চরিত্র ও কাহিনির ধারা

গল্পটা এক নজরে

BeBrainer
IT'S POSSIBLE

ন্যাড়া	গল্পের কথক; পরে মৃত্যুঞ্জয়ের শিষ্য হয়ে সাপুড়ে
মৃত্যুঞ্জয়	কায়স্থ; থার্ড ক্লাসের ছাত্র; বাপ-মা নেই; আম-কাঁঠালের বাগানের মালিক
বিলাসী	বুড়ো মালো (সাপুড়ে) এর মেয়ে; বয়স আঠারো-কুড়ি; সেবাব্রতী
খুড়া	মিত্তির বংশের অভিভাবক; লোভী, বাগান দখল করতে চায়

১	মৃত্যুঞ্জয় অসুস্থ, বিলাসীর সেবায় বেঁচে ওঠে
২	বিলাসীকে নিকা, তার হাতে ভাত খাওয়া (অন্নপাপ)
৩	খুড়া ও দশ-বারো জনের নির্যাতন, গ্রাম থেকে বিতাড়ন
৪	সাপুড়ে জীবন; ন্যাড়া শিষ্য হয়
৫	খরিশ গোখরোর দংশনে মৃত্যুঞ্জয়ের মৃত্যু
৬	সাত দিনের মধ্যে বিলাসীর আত্মহত্যা (বিষপান)

সংখ্যা ও তথ্য: মনে রাখো

MCQ-তে আসে

BeBrainer
IT'S POSSIBLE

স্কুলের দূরত্ব	পাকা দুই ক্রোশ, আসা-যাওয়া চার ক্রোশ = আট মাইল
মৃত্যুঞ্জয়ের বাগান	কুড়ি-পঁচিশ বিঘা
মৃত্যুঞ্জয় শয্যাগত	প্রায় দেড় মাস; অজ্ঞান ছিল দশ-পনেরো দিন
নির্যাতনে অংশ নেয়	দশ-বারো জন
বিলাসী বেঁচে ছিল	মৃত্যুঞ্জয়ের মৃত্যুর পর সাত দিনও নয়
গল্পে উল্লেখিত গ্রন্থ	ভূদেববাবুর পারিবারিক প্রবন্ধ

গুরুত্বপূর্ণ উক্তি: বিলাসী ১/৫

BeBrainer
IT'S POSSIBLE

"ঠিক যেন ফুলদানিতে জল দিয়া ভিজাইয়া রাখা বাসি ফুলের মতো।"

— ন্যাড়া, বিলাসী সম্পর্কে

দিনের পর দিন রাত জেগে সেবা করায় বিলাসীর শরীর ক্লান্ত, শীর্ণ; একটু ছুঁলেই যেন ঝরে পড়বে।

"রাস্তা পর্যন্ত তোমায় রেখে আসব কি?"

— বিলাসী, ন্যাড়াকে

বিলাসীর প্রথম কথা; অন্ধকার বাগানে অতিথির প্রতি তার মমতা ও দায়িত্ববোধ।

"ঘন জঙ্গলের পথ, একটু দেখে পা ফেলে যেয়ো।"

— বিলাসী, ন্যাড়াকে

বিলাসীর সতর্কতা ও যত্নশীল স্বভাব; পরীক্ষায় বহুবার এসেছে।

গুরুত্বপূর্ণ উক্তি: বিলাসী ২/৫

BeBrainer
IT'S POSSIBLE

"বাবা আমারে বাবুর সাথে নিকা দিয়েছেন জানো?"
— বিলাসী, খুড়াকে

নিকা = বিয়ে। বিলাসী জানায় এ সম্পর্ক বৈধ; তবু সমাজ তা মানেনি।

"অন্নপাপ! বাপ রে! এর কি আর প্রায়শ্চিত্ত আছে।"
— গ্রামের লোক, মৃত্যুঞ্জয় সম্পর্কে

সাপুড়ের মেয়ের হাতে ভাত খাওয়াকে সমাজ চরম পাপ ভাবত; এখানে সমাজের সংকীর্ণতাকে ব্যঙ্গ করা হয়েছে।

"গেল গেল, গ্রামটা এবার রসাতলে গেল।"
— খুড়া

রসাতলে গেল = উচ্ছন্নে গেল। লোভী খুড়া জাতের দোহাই দিয়ে মৃত্যুঞ্জয়ের বিরুদ্ধে গ্রাম খেপায়।

গুরুত্বপূর্ণ উক্তি: বিলাসী ৩/৫

BeBrainer
IT'S POSSIBLE

"দেখ, এমন করে মানুষ ঠকায়ো না।"

— বিলাসী, মৃত্যুঞ্জয়কে

শিকড় দেখিয়ে সাপ তাড়ানোর ভান করে মানুষ ঠকানোর বিরুদ্ধে বিলাসীর সততা।

"মহত্ত্বের কাহিনি আমাদের অনেক আছে।"

— ন্যাড়া (লেখক)

এখানে **মহত্ত্ব** ব্যঙ্গার্থে, অর্থাৎ নীচতার কাহিনি।

"সাপের বিষ যে বাঙালির বিষ নয়, তাহা আমিও বুঝিয়াছিলাম।"

— ন্যাড়া

বাঙালির বিষ = মুখের বাক্যে সীমাবদ্ধ, ক্ষণস্থায়ী ক্রোধ; সাপের বিষের মতো কার্যকর নয়।

গুরুত্বপূর্ণ উক্তি: বিলাসী ৪/৫



"তুমি না আগলালে সে রাত্তিরে আমাকে তারা মেরেই ফেলত।"

— বিলাসী, ন্যাড়াকে



"ঠাকুর, আমার মাথার দিব্যি রইল, এসব তুমি আর কখনও করো না।"

— বিলাসী, ন্যাড়াকে

নির্যাতনের রাতে ন্যাড়ার সামান্য সহানুভূতির জন্য বিলাসীর কৃতজ্ঞতা।

মৃত্যুঞ্জয়ের মৃত্যুর পর ন্যাড়াকে সাপ ধরা ছেড়ে দিতে বিলাসীর অনুরোধ।

গুরুত্বপূর্ণ উক্তি: বিলাসী

BeBrainer
IT'S POSSIBLE

"এই বস্তুটাই এ দেশের লোকের পক্ষে বুঝিয়া উঠা কঠিন।"

— ন্যাড়া (লেখক)

এই বস্তুটা = ভালোবাসা। হৃদয় জয় করে বিয়ের আনন্দ এ সমাজ বোঝে না।

"টিকিয়া থাকাই চরম সার্থকতা নয়, এবং অতিকায় হস্তী লোপ পাইয়াছে কিন্তু তেলাপোকা টিকিয়া আছে।"

— ন্যাড়া (লেখক)

শুধু টিকে থাকা গৌরবের নয়; হিন্দু সমাজের নির্ভুল বিধিব্যবস্থার দাবিকে ব্যঙ্গ। অতিকায় হস্তী = ম্যামথ।

শব্দার্থ ও টীকা: বিলাসী ১/৩

BeBrainer
IT'S POSSIBLE

শব্দ	অর্থ
মা-সরস্বতী	বিদ্যা ও কলার দেবী; বীণাপাণি, বাগ্‌দেবী
কৃতবিদ্য	বিদ্বান
বঁইচি	কাঁটাযুক্ত ছোট গাছ ও তার ফল
রম্ভার কাঁদি	কলার ছড়া
কানাচ	ঘরের পেছনের লাগোয়া জায়গা
খেজুরমেতি	খেজুর গাছের মাথার নরম মিষ্টি অংশ
পারশিয়া	পারস্য বা ইরান
চল্লিশের কোঠা	চল্লিশ থেকে উনপঞ্চাশ বছর

শব্দ	অর্থ
থার্ড ক্লাস	এখনকার অষ্টম শ্রেণি
ফোর্থ ক্লাস	এখনকার সপ্তম শ্রেণি
সেকেন্ড ক্লাস	এখনকার নবম শ্রেণি
এন্ট্রান্স	প্রবেশিকা; এখনকার মাধ্যমিক
গুলি	আফিমের তৈরি মাদক
মালো	এ গল্পে সাপের ওঝা
কঙ্কালসার	অস্থিচর্মসার

শব্দার্থ ও টীকা: বিলাসী ২/৩

BeBrainer
IT'S POSSIBLE

শব্দ	অর্থ
যমরাজ	ধর্মরাজ; এখানে মৃত্যু
তিলার্ধ	মুহূর্তমাত্র
জনশ্রুতি	লোকমুখে শোনা কথা
রসাতলে গেল	উচ্ছন্নে গেল
অকালকুষ্মাণ্ড	অকর্মণ্য ব্যক্তি
নিকা	আরবি নিকাহ্; বিধবাবিবাহ বা পুনর্বার বিবাহ
কলি	চার যুগের শেষ যুগ
সত্যযুগ	চার যুগের প্রথম যুগ

শব্দ	অর্থ
শ্রাব্য-অশ্রাব্য	শ্লীল-অশ্লীল
প্রাতঃস্মরণীয়	অতি শ্রদ্ধেয়
বারোয়ারি	সর্বজনীন
সদক্ষিণা	পুরোহিতের সম্মানীসহ
ফলাহার	জলযোগ, ফলার
ধুচুনি	চাল ধোয়ার বাঁশের ঝুড়ি
পঞ্চমুখ	মুখর

শব্দার্থ ও টীকা: বিলাসী ৩/৩

BeBrainer
IT'S POSSIBLE

শব্দ	অর্থ
মন্ত্রসিদ্ধ	মন্ত্রে সিদ্ধি অর্জন করেছে এমন
মনসা	সাপের দেবী
মন্ত্রের দ্রষ্টা	যিনি প্রথম মন্ত্র লাভ করেন
কামাখ্যা	আসামের প্রাচীন তীর্থস্থান
চক্র তুলিয়া	ফণা তুলে
খরিশ গোখরা	খুব বিষাক্ত গোখরা সাপ
বিষহরির দোহাই	মনসার মন্ত্রশক্তির বরাত

শব্দ	অর্থ
মৃত্যুঞ্জয়	মৃত্যুকে জয় করেন যিনি; শিবের (মহেশ্বর) অন্য নাম
পিণ্ডি	শ্রাদ্ধে মৃতের উদ্দেশে চালের ডেলা
ভুজ্যি উচ্ছুগ্যু	মৃতের সদগতি কামনায় ব্রাহ্মণকে ভোজ্য উৎসর্গ
বহুদর্শী	জ্ঞানী, অভিজ্ঞ
ভূদেববাবু	ভূদেবচন্দ্র মুখোপাধ্যায় (১৮২৫-১৮৯৪); গ্রন্থ পারিবারিক প্রবন্ধ
অতিকায় হস্তী	মহাগজ, ম্যামথ

MCQ প্র্যাকটিস: বিলাসী (১/২)

BeBrainer
IT'S POSSIBLE

১. 'বিলাসী' গল্পটি প্রথম প্রকাশিত হয় কোন পত্রিকায়?

ক বঙ্গদর্শন
খ চতুরঙ্গ
গ ভারতী
ঘ সাধনা

২. 'বিলাসী' গল্পটি কার জবানিতে রচিত?

ক বিলাসী
খ মৃত্যুঞ্জয়
গ ন্যাড়া
ঘ বৃদ্ধ মালো

৩. মৃত্যুঞ্জয়ের জাত কী ছিল?

ক সদব্রাহ্মণ
খ কায়স্থ
গ শূদ্র
ঘ বৈশ্য

৪. মৃত্যুঞ্জয়কে দংশন করেছিল —

ক কালকেউটে
খ উদয়নাগ
গ খরিশ গোখরো
ঘ চন্দ্রবোড়া

৫. বিলাসীর হাতে ভাত খেয়ে মৃত্যুঞ্জয় কী ধরনের পাপ করেছিল?

ক অন্নপাপ
খ খাদ্যপাপ
গ ধর্ম ত্যাগের পাপ
ঘ ধর্ম গ্রহণের পাপ

MCQ প্র্যাকটিস: বিলাসী (২/২)

BeBrainer
IT'S POSSIBLE

৬. 'ঘন জঙ্গলের পথ, একটু দেখে পা ফেলে যেয়ো।' কে কাকে বলেছে?

ক মৃত্যুঞ্জয় ন্যাড়াকে
খ বিলাসী মৃত্যুঞ্জয়কে
গ ন্যাড়া বিলাসীকে
ঘ বিলাসী ন্যাড়াকে

৭. 'বাঙালির বিষ' কথাটি বলতে শরৎচন্দ্র বুঝিয়েছেন —

ক জীবনঘাতী বিষক্রিয়া
খ কঠিন প্রতিশোধস্পৃহা
গ ক্ষণস্থায়ী ক্রোধ
ঘ অনিঃশেষ বিদ্বেষ

৮. মৃত্যুঞ্জয়ের মৃত্যুর পর বিলাসী কত দিন বেঁচে ছিল?

ক সপ্তাহখানেক
খ মাসখানেক
গ ৩ দিন
ঘ ১৫ দিন

৯. কোন গল্প রচনা করে শরৎচন্দ্র 'কুন্তলীন পুরস্কার' পান?

ক অভাগীর স্বর্গ
খ আমলার ফল
গ মন্দির
ঘ বড়দিদি

১০. কোন সালে শরৎচন্দ্রকে ঢাকা বিশ্ববিদ্যালয় সম্মানসূচক ডি.লিট ডিগ্রি দেয়?

ক ১৯২৬
খ ১৯৩৬
গ ১৯৪৬
ঘ ১৯৩৮

BeBrainer
IT'S POSSIBLE

টপিক ০২

অর্ধাঙ্গী

রোকেয়া সাখাওয়াত হোসেন • প্রবন্ধ • নারীর মানসিক দাসত্ব থেকে মুক্তি ও সমান অধিকারের ডাক

লেখক পরিচিতি: রোকেয়া সাখাওয়াত হোসেন

সর্বাধিক গুরুত্বপূর্ণ

BeBrainer
IT'S POSSIBLE

জন্ম	৯ ডিসেম্বর ১৮৮০, পায়রাবন্দ গ্রাম, মিঠাপুকুর, রংপুর
পিতৃদত্ত নাম	রোকেয়া খাতুন
লেখক নাম	মিসেস আর. এস. হোসেন; পরিচিত বেগম রোকেয়া নামে
শিক্ষা	প্রাতিষ্ঠানিক সুযোগ ছিল না; বড়ভাই, বোন ও স্বামীর সহায়তায় বাংলা ও ইংরেজি শেখেন
সাহিত্যচর্চার উদ্দেশ্য	বাঙালি মুসলমান নারী-সমাজের জাগরণ
প্রতিষ্ঠান	সাখাওয়াত মেমোরিয়াল স্কুল (কলকাতা, ১৯১১); আঞ্জুমানে খাওয়াতীনে ইসলাম (১৯১৬)
পরিচিতি	মুসলিম নারী জাগরণের অগ্রদূত
মৃত্যু	৯ ডিসেম্বর ১৯৩২, কলকাতা

রোকেয়ার জন্ম ও মৃত্যু **একই দিনে, ৯ ডিসেম্বর**। এ দিনটি বাংলাদেশে **রোকেয়া দিবস**। তাঁর গদ্যের বৈশিষ্ট্য: ঋজু ভঙ্গি ও তীক্ষ্ণ শ্লেষ।

রোকেয়া সাখাওয়াত হোসেন: উল্লেখযোগ্য রচনা


পরীক্ষায় আসে

BeBrainer
IT'S POSSIBLE

প্রবন্ধগ্রন্থ	মতিচূর (১ম খণ্ড, ১৯০৫; প্রথম গ্রন্থ), মতিচূর (২য় খণ্ড)
ইংরেজি রচনা	**Sultana's Dream** (বাংলা: সুলতানার স্বপ্ন)
উপন্যাস	পদ্মরাগ
অন্যান্য	অবরোধবাসিনী (১৯৩১); কতকগুলো ঐতিহাসিক ও চাক্ষুষ সত্য ঘটনা অবলম্বনে

পাঠ-পরিচিতি: অর্ধাঙ্গী VVI

BeBrainer
IT'S POSSIBLE



প্রেক্ষাপট	উনিশ শতকের শেষ ও বিশ শতকের গোড়ায় ভারতবর্ষের পুরুষশাসিত সমাজ
বিষয়	নারী, বিশেষ করে মুসলমান নারী সমাজের পশ্চাৎপদতা, দুর্বহ জীবন ও অধিকারহীনতা
কারণ	পুরুষের নিদারুণ স্বার্থপরতা ও আধিপত্যকামী মানসিকতা
প্রকৃতি	আবেগধর্মী ও যুক্তিপ্রধান রচনা; আবেগের গাঢ়তা আর যুক্তির তীক্ষ্ণতা

মূলভাব: সমাজ পূর্ণ ও স্বাভাবিক গতিতে এগোতে পারছে না, কারণ পরিবার ও সমাজের **অর্ধেক শক্তি নারীসমাজ দুর্বল ও অবনত**। নারী মানুষ হিসেবে পুরুষের সমান; সে পুরুষের দাসী নয়, **অর্ধাঙ্গী**। সমাজের অগ্রগতির জন্য দরকার নারীজাগরণ, আর সেই সঙ্গে পুরুষ সমাজের দৃষ্টিভঙ্গির পরিবর্তন।



নারীদের অবস্থা
নারীদের অবস্থার
নারীদের অবস্থার
উন্নয়নে
নারীবাদীদের
ভূমিকা

অর্ধাঙ্গী: মূল বক্তব্য

গুরুত্বপূর্ণ

BeBrainer
IT'S POSSIBLE

রোগ নির্ণয়	চিকিৎসার আগে রোগের অবস্থা জানা দরকার; নারীর রোগ দাসত্ব (আগের প্রবন্ধ **স্ত্রীজাতির অবনতি**)
পর্দা নয়, মন	লেখিকা অবরোধ প্রথার বিরুদ্ধে নন; আলোচনা **মানসিক দাসত্ব** নিয়ে
পার্সি নারী	পর্দা মোচন হয়েছে, কিন্তু মানসিক দাসত্ব মোচন হয়নি; পুরুষ "নাকের দড়ি" ধরে বাইরে এনেছে
সীতা ও পুতুল	রাম-সীতার সম্পর্ক বালক আর **পুতুলের** সম্পর্কের মতো
দ্বিচক্র শকট	এক চাকা বড় (পতি), এক চাকা ছোট (পত্নী) হলে গাড়ি **এক জায়গায় ঘোরে**
বিদ্যার দৌড়	স্ত্রীদের বিদ্যার দৌড় সচরাচর **'বোধোদয়'** পর্যন্ত
সম্পত্তি	মুসলিম আইনে কন্যা পুত্রের অর্ধেক পায়, তা-ও বাস্তবে প্রায় শূন্য
পারস্পরিক নির্ভরতা	নদী বর্ষার সাহায্য পায়, মেঘ নদীর কাছে ঋণী; **প্রত্যেকে প্রত্যেকের কাছে ঋণী**



গুরুত্বপূর্ণ উক্তি: অর্ধাঙ্গী ১/৪

BeBrainer
IT'S POSSIBLE

"আমরা স্বামীর দাসী নহি, অর্ধাঙ্গী।"

— লেখিকা

প্রবন্ধের মূল দাবি: নারী পুরুষের অধীন নয়, সমান অংশীদার।

"একটি পুতুলের সঙ্গে কোন বালকের যে-সম্বন্ধ, সীতার সঙ্গে রামের সম্বন্ধও প্রায় সেইরূপ।"

— লেখিকা

পুতুলের যেমন অনুভূতির মূল্য নেই, তেমনি সীতার অনুভূতি রাম বুঝতে চাননি; নারীকে প্রাণহীন বস্তু ভাবার সমালোচনা।

"যে শকটের এক চক্র বড় (পতি) এবং এক চক্র ছোট (পত্নী) হয়, সে শকট অধিক দূরে অগ্রসর হইতে পারে না।"

— লেখিকা

স্বামী-স্ত্রী সমান না হলে সংসার ও সমাজ এগোয় না; ঘুরপাক খায় গৃহকোণেই।

গুরুত্বপূর্ণ উক্তি: অর্ধাঙ্গী ২/৪

BeBrainer
IT'S POSSIBLE

> "প্রভুদের বিদ্যার গতির সীমা নাই, স্ত্রীদের বিদ্যার দৌড় সচরাচর 'বোধোদয়' পর্যন্ত!"
>
> — লেখিকা

বোধোদয় = ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের শিশুপাঠ্য বই (১৮৫১)। নারীশিক্ষার করুণ দশা।

> "স্বামী যখন পৃথিবী হইতে সূর্য ও নক্ষত্রের দূরত্ব মাপেন, স্ত্রী তখন একটা বালিশের ওয়াড়ের দৈর্ঘ্য প্রস্থ মাপেন!"
>
> — লেখিকা

স্বামী-স্ত্রীর জ্ঞানের বিশাল ব্যবধান; ব্যঙ্গাত্মক উপস্থাপন।

> "জীবনের প্রধান প্রয়োজনীয় বস্তু অন্নবস্ত্র; ... তাই বলিয়া জীবনটাকে শুধু রান্নাঘরেই সীমাবদ্ধ রাখা উচিত নহে।"
>
> — লেখিকা

রান্না ও সেলাই শেখা দরকার, কিন্তু নারীর জীবন শুধু রান্নাঘরে আটকে রাখা মানসিক দাসত্ব।

গুরুত্বপূর্ণ উক্তি: অর্ধাঙ্গী

৩/৪

BeBrainer
IT'S POSSIBLE

"তরঙ্গিনী কাদম্বিনীর স্বামী, না কাদম্বিনী তরঙ্গিনীর স্বামী?"

— লেখিকা

তরঙ্গিনী = নদী, কাদম্বিনী = মেঘমালা। কেউ কারও প্রভু নয়; প্রত্যেকে প্রত্যেকের কাছে ঋণী।

"আমরা উত্তমার্ধ (better halves), তাঁহারা নিকৃষ্টার্ধ (worse halves); আমরা অর্ধাঙ্গী, তাঁহারা অর্ধাঙ্গ।"

— লেখিকা

ইংরেজিতে স্ত্রীকে better half বলা হয়; লেখিকা সেই যুক্তিতেই শ্লেষ করেছেন।

গুরুত্বপূর্ণ উক্তি: অর্ধাঙ্গী

BeBrainer
IT'S POSSIBLE

"না জাগিলে সব ভারত-ললনা, এ ভারত আর জাগিতে পারিবে না।"

— লেখিকা (উদ্ধৃতি)

নারী না জাগলে দেশ জাগবে না; জাতির উন্নতি নারীর উন্নতির ওপর নির্ভর করে।

"আশা করি এখন 'স্বামী'র স্থলে 'অর্ধাঙ্গ' শব্দ প্রচলিত হইবে।"

— লেখিকা (প্রবন্ধের শেষ বাক্য)

প্রভুত্বসূচক "স্বামী" শব্দের বদলে সমতার "অর্ধাঙ্গ" শব্দ চাওয়া।

শব্দার্থ ও টীকা: অর্ধাঙ্গী

১/৩

BeBrainer
IT'S POSSIBLE

শব্দ	অর্থ
অবলা জাতি	বলহীনা; এখানে নারীসমাজ
অবরোধ প্রথা	অন্তঃপুরে লোকচক্ষুর আড়ালে মেয়েদের আটক রাখার নিয়ম
পার্সি	পারস্য দেশের অর্থাৎ ইরানি
ছত্র	ছাতা
বিলাতি সভ্যতা	পাশ্চাত্য সভ্যতা
নাকের দড়ি	নাকাল ও বাধ্য করার অস্ত্র
কলম্বস	ইতালীয় নাবিক (১৪৪৭-১৫০৬); আমেরিকা আবিষ্কারক, ১৪৯২

শব্দ	অর্থ
বাতুল	পাগল
বাতুলতা	পাগলামি
স্বত্ব-স্বামিত্ব	অধিকার ও মালিকানা
ধূলি-ধূসরিত	ধুলো লেগে মলিন
অর্ধাঙ্গী	স্বামী-স্ত্রীকে এক এককের দুই অর্ধ ধরে স্ত্রী
শুক্লকেশ	পক্বকেশ, সাদা চুল

শব্দার্থ ও টীকা: অর্ধাঙ্গী ২/৩

BeBrainer
IT'S POSSIBLE

শব্দ	অর্থ
শকট	গাড়ি, যান
শাস্ত্রকার	প্রাচীন ধর্মগ্রন্থ প্রণেতা
রাসভকর্ণ	গাধার কান
বোধোদয়	বিদ্যাসাগরের শিশুশিক্ষা ৩য় ভাগ; ১৮৫১
ওয়াড়	লেপ-বালিশের আবরণ
তুলাদণ্ড	দাঁড়িপাল্লা
চর্ব্যচোষ্য	চিবিয়ে ও চুষে খেতে হয় এমন

শব্দ	অর্থ
এফ. এ.	First Arts; এখনকার উচ্চ মাধ্যমিক
পাহল-ওয়ান	পালোয়ান
পয়জার	জুতো, পাদুকা
তন্ময়	একান্তভাবে নিমগ্ন
অপার্থিব	অবস্তুগত
হিতৈষিতা	কল্যাণসাধনের ইচ্ছা

শব্দার্থ ও টীকা: অর্ধাঙ্গী ৩/৩

BeBrainer
IT'S POSSIBLE

শব্দ	অর্থ
শমস-উল-ওলামা	জ্ঞানীদের মধ্যে সূর্য
নজম-উল-ওলামা	জ্ঞানীদের মধ্যে নক্ষত্র
হাফেজ	সম্পূর্ণ কুরআন শরিফ যাঁর মুখস্থ
করিমা ববখশা এ বরহালে মা	করিম (আল্লাহ্) আমাদের এ অবস্থা দিয়েছেন
সলমা চুমকি	সোনা-রুপার চকচকে বুটি দানা
তরঙ্গিনী	নদী

শব্দ	অর্থ
কাদম্বিনী	মেঘমালা
সূত্রধর	ছুতার, কাঠমিস্ত্রি
তন্তুবায়	তাঁতি
শামলা	উকিলের পাগড়ি
চোগা	লম্বা ঢিলা জামা

MCQ প্র্যাকটিস: অর্ধাঙ্গী (১/২)

BeBrainer
IT'S POSSIBLE

১. রোকেয়া সাখাওয়াত হোসেন কোথাকার বাসিন্দা ছিলেন?

ক ঢাকার　খ পাবনার　গ রংপুরের　ঘ চট্টগ্রামের

২. 'অর্ধাঙ্গী' প্রবন্ধটি কোন পত্রিকায় প্রথম প্রকাশিত হয়?

ক বঙ্গদর্শনে　খ প্রচারে　গ মোহাম্মদীতে　ঘ নবনূরে

৩. রোকেয়ার ইংরেজি ভাষায় রচিত গ্রন্থ কোনটি?

ক Captive Lady　খ King Lear　গ Rajmohan's Wife　ঘ Sultana's Dream

৪. 'অবরোধ প্রথা' শব্দের অর্থ কী?

ক জেলখানার নিয়ম　খ অন্তঃপুরে মেয়েদের আটক রাখার নিয়ম
গ ধর্মীয় আইন　ঘ বিবাহের রীতি

৫. 'রাসভকর্ণ' শব্দের অর্থ কী?

ক শত্রুর কান　খ বড় কান　গ গাধার কান　ঘ রাজার কান

MCQ প্র্যাকটিস: অর্ধাঙ্গী (২/২)

BeBrainer
IT'S POSSIBLE

৬. 'বোধোদয়' গ্রন্থটি কার রচনা এবং প্রথম কত খ্রিষ্টাব্দে প্রকাশিত হয়?

ক ঈশ্বরচন্দ্রের, ১৮৫১
খ রবীন্দ্রনাথের, ১৮৭০
গ বঙ্কিমচন্দ্রের, ১৮৬০
ঘ মধুসূদনের, ১৮৫৫

৭. 'শামস-উল-ওলামা' উপাধির অর্থ কী?

ক রাজার উপদেষ্টা
খ ধর্মীয় নেতা
গ শিক্ষকদের পদবি
ঘ জ্ঞানীদের মধ্যে সূর্য

৮. প্রবন্ধে 'better halves' ও 'worse halves' কীভাবে ব্যবহৃত হয়েছে?

ক আমরা উত্তমার্ধ, তাঁহারা নিকৃষ্টার্ধ
খ সেরা ও সবচেয়ে খারাপ মানুষ
গ স্বামী ও স্ত্রী উভয়ই সমান
ঘ উত্তম ও অধম পরিবার

৯. লেখিকার বন্ধুর ছাত্রকে দিক নির্ণয়ের প্রশ্ন করলে সে কী উত্তর দিয়েছিল?

ক আমার পূর্বদিকে
খ আমার উত্তরদিকে
গ আমার পশ্চাৎ দিকে
ঘ আমার দক্ষিণ দিকে

১০. রোকেয়া সীতা সম্পর্কে কোন মন্তব্যটি করেছেন?

ক সীতা পর্দানশীন ছিলেন
খ সীতা অবশ্যই পর্দানশীন ছিলেন না
গ সীতা শুধু গৃহবধূ ছিলেন
ঘ সীতা রামের চেয়ে বেশি জ্ঞানী ছিলেন

BeBrainer
IT'S POSSIBLE

টপিক ০৩

যৌবনের গান

কাজী নজরুল ইসলাম • প্রবন্ধ (অভিভাষণ) • জীর্ণ সংস্কার ভেঙে নতুন জগৎ গড়ার তারুণ্যের ডাক

লেখক পরিচিতি: কাজী নজরুল ইসলাম

সর্বাধিক গুরুত্বপূর্ণ

BeBrainer
IT'S POSSIBLE

জন্ম	২৫ মে ১৮৯৯ (১১ জ্যৈষ্ঠ ১৩০৬), চুরুলিয়া গ্রাম, বর্ধমান, পশ্চিমবঙ্গ
পিতা / মাতা	ফকির আহমদ / জাহেদা খাতুন
সেনাবাহিনী	১৯১৭ সালে দশম শ্রেণির ছাত্র থাকাকালে সেনাবাহিনীতে যোগ দেন
প্রথম রচনা	বাউণ্ডেলের আত্মকাহিনী (গল্প, মাসিক সওগাত, ১৯১৯); প্রথম প্রবন্ধ তুর্ক মহিলার ঘোমটা খোলা
পরিচিতি	বিদ্রোহী কবি, সাম্যবাদ ও তারুণ্যের কবি; বাংলাদেশের জাতীয় কবি
সম্মাননা	পদ্মভূষণ (ভারত, ১৯৬০), জগত্তারিণী স্বর্ণপদক, একুশে পদক
বাংলাদেশে	১৯৭২ সালে ঢাকায় আনা হয়; ১৯৭৬ সালে নাগরিকত্ব
মৃত্যু	২৯ আগস্ট ১৯৭৬ (১২ ভাদ্র ১৩৮৩), ঢাকা

* * * *

ব্রিটিশ সরকার নজরুলের ৫টি গ্রন্থ বাজেয়াপ্ত করে: যুগবাণী, বিষের বাঁশি, ভাঙার গান, প্রলয় শিখা, চন্দ্রবিন্দু। মনে রাখো: যু-বি-ভা-প্র-চ।

কাজী নজরুল ইসলাম: উল্লেখযোগ্য রচনা

পরীক্ষায় আসে

BeBrainer
IT'S POSSIBLE

প্রবন্ধগ্রন্থ	যুগবাণী, দুর্দিনের যাত্রী, রুদ্র-মঙ্গল, রাজবন্দীর জবানবন্দী
গল্প / উপন্যাস	ব্যথার দান, রিক্তের বেদন, শিউলিমালা / বাঁধনহারা, কুহেলিকা, মৃত্যুক্ষুধা
নাটক / গান	ঝিলিমিলি, আলেয়া / বুলবুল, চোখের চাতক; শিশুসাহিত্য: ঝিঙে ফুল
পত্রিকা সম্পাদনা	ধূমকেতু, লাঙল, দৈনিক নবযুগ

পাঠ-পরিচিতি: যৌবনের গান VVI

BeBrainer
IT'S POSSIBLE

উৎস	১৯৩২ খ্রিষ্টাব্দে সিরাজগঞ্জে মুসলিম যুব সমাজের অভিনন্দনের উত্তরে দেওয়া ভাষণ
রূপ	প্রাণোচ্ছল ভাষণের পরিমার্জিত লিখিত রূপ
বিষয়	দুরন্ত-দুর্বার যৌবনের প্রশস্তি
বিপরীত	বার্ধক্য: রক্ষণশীলতা, জড়তা, সংস্কারাচ্ছন্নতা ও পশ্চাৎপদতা

মূলভাব: যৌবন হলো **অফুরন্ত প্রাণশক্তির** আধার: দুর্বার উদ্দীপনা, ক্লান্তিহীন উদ্যম, অপরিসীম ঔদার্য ও অটল সাধনা। যৌবন মৃত্যুকে তুচ্ছ করে, **দেশ-জাতি-কাল-ধর্মের** বাঁধন মানে না, আবার বিপন্ন মানুষের পাশে দাঁড়ায় সেবাব্রতী হয়ে। কবি তরুণদের ডেকেছেন সব **জীর্ণ পুরাতন সংস্কার ধ্বংস করে** মনের মতো নতুন জগৎ গড়তে।

যৌবনের গান: মূল বক্তব্য

গুরুত্বপূর্ণ

BeBrainer
IT'S POSSIBLE

কবির পরিচয়	বনের পাখির মতো গান গাওয়া তাঁর স্বভাব; তিনি কম-বক্তার দলে
কবির সম্বল	তরুণদের প্রতি অপরিসীম ভালোবাসা, প্রাণের টান
কবির অবস্থান	তরুণদের দলপতি নয়, দলভুক্ত, সহযাত্রী হয়ে থাকতে চান
বার্ধক্য	পুরাতন, মিথ্যা ও মৃত্যুকে আঁকড়ে থাকে; বয়সের ফ্রেমে বাঁধা যায় না
যৌবনের রূপ	আরবের বেদুইন, মহাসমরের সৈনিক, কালাপাহাড়ের অসি, কামাল-করিম-মুসোলিনি-সানইয়াৎ-লেনিনের শক্তি
যৌবনের মাতৃরূপ	শব বহন, অন্ন পরিবেশন, রোগীর সেবা, দুর্বলের পাশে বল হয়ে দাঁড়ানো, হতাশের বুকে আশা
তরুণের ধর্ম	জীর্ণ অট্টালিকা ভেঙে নতুন করে গড়া; নিজের পৃথিবী নিজের মতো গড়া


বর্ষিকা
হৌবদেহ হাদ
হৌবদেহ
মাহুষ

গুরুত্বপূর্ণ উক্তি: যৌবনের গান ১/৪

BeBrainer
IT'S POSSIBLE

"আমি কবি– বনের পাখির মতো স্বভাব আমার গান করার।"
— কবি

কারও ভালো লাগুক বা না লাগুক, গান গাওয়া কবির স্বভাব; তাঁর সৃষ্টি স্বতঃস্ফূর্ত।

"বায়স-ফিঙে যখন বেচারা গানের পাখিকে তাড়া করে, তীক্ষ্ণ চঞ্চু দ্বারা আঘাত করে..."
— কবি

বায়স = কাক, গানের পাখি = কোকিল, চঞ্চু = ঠোঁট। বাধা পেলেও কবি গান থামান না।

"ইহারা থাকেন শক্তির পেছনে রুধির ধারার মতো গোপন, ফুলের মাঝে মাটির মমতা-রসের মতো অলক্ষ্যে।"
— কবি, কর্মীদের সম্পর্কে

নীরবে মানবকল্যাণে কাজ করা কর্মীরা লোকচক্ষুর আড়ালে থেকেও সমাজের প্রাণশক্তি।

গুরুত্বপূর্ণ উক্তি: যৌবনের গান ২/৪

BeBrainer
IT'S POSSIBLE

"আপনাদের দলপতি হইয়া নয়, আপনাদের দলভুক্ত হইয়া, সহযাত্রী হইয়া।"

— কবি

কবি তরুণদের মহাদান গ্রহণ করেন **সহযাত্রী** হয়ে; নেতৃত্ব নয়, সঙ্গী হওয়াই তাঁর চাওয়া।

"তরুণ অরুণের মতোই যে তারুণ্য তিমির-বিদারী, সে যে আলোর দেবতা।"

— কবি

তিমিরবিদারী = অন্ধকার দূর করে যে (সূর্য)। তারুণ্য সমাজের অন্ধকার দূর করে।

"বার্ধক্য তাহাই– যাহা পুরাতনকে, মিথ্যাকে, মৃত্যুকে আঁকড়িয়া পড়িয়া থাকে।"

— কবি

বার্ধক্য বয়স নয়, মানসিকতা জড়তা ও সংস্কারাচ্ছন্নতাই বার্ধক্য।

গুরুত্বপূর্ণ উক্তি: যৌবনের গান ৩/৪

BeBrainer
IT'S POSSIBLE

"বার্ধক্যকে সব সময় বয়সের ফ্রেমে বাঁধা যায় না।"
— কবি

বহু যুবকের মধ্যে বার্ধক্যের কঙ্কাল, আবার বহু বৃদ্ধের মধ্যে প্রদীপ্ত যৌবন দেখা যায়।

"ইহাই যৌবন, এই ধর্ম যাহাদের তাহারাই তরুণ।"
— কবি

দেশ-কাল-জাতি-ধর্মের সীমার ঊর্ধ্বে যাদের অবস্থান, তারাই প্রকৃত তরুণ।

"ধর্ম আমাদের ইসলাম, কিন্তু প্রাণের ধর্ম আমাদের তারুণ্য, যৌবন।"
— কবি

ধর্মীয় পরিচয়ের পাশাপাশি তারুণ্যই তরুণদের আসল প্রাণশক্তি।

গুরুত্বপূর্ণ উক্তি: যৌবনের গান ৪/৪

BeBrainer
IT'S POSSIBLE

> "খোদার দেওয়া এই পৃথিবীর নিয়ামত হইতে যে নিজেকে বঞ্চিত রাখিল, সে যত মোনাজাতই করুক, খোদা তাহা কবুল করিবেন না।"
>
> — কবি

নিয়ামত = ধন-সম্পদ, অনুগ্রহ। পৃথিবীর সম্পদ অর্জন করতে হবে কর্মে, ভিক্ষায় নয়।

> "আমাদের পৃথিবী আমরা আমাদের মনের মতো করিয়া গড়িয়া লইব। ইহাই হউক তরুণের সাধনা।"
>
> — কবি (শেষ বাক্য)

প্রবন্ধের মূল আহ্বান: তরুণরাই নতুন সমাজ গড়বে।

শব্দার্থ ও টীকা: যৌবনের গান ১/৩

BeBrainer
IT'S POSSIBLE

শব্দ	অর্থ
দ্বিধা	সংকোচ, সংশয়, কুণ্ঠা
রুধির ধারা	রক্তপ্রবাহ
অলক্ষ্যে	দৃষ্টির অগোচরে
বায়স	কাক
বেচারা গানের পাখি	কোকিল
চঞ্চু	ঠোঁট
অলসতন্দ্রা	আলস্য থেকে সৃষ্ট ঘুমের ভাব

শব্দ	অর্থ
মোহনিদ্রা	মোহরূপ নিদ্রা, অচেতনতা, জড়তা
দৈব	আকস্মিক
পরিক্রমণ	পরিভ্রমণ, প্রদক্ষিণ
ভরা-ভাদরে	পরিপূর্ণ ভাদ্রে
অগোচরে	অলক্ষ্যে
না-ওয়াকিফ	অনভিজ্ঞ, অজ্ঞাত
কমবক্তা	অল্পভাষী

শব্দার্থ ও টীকা: যৌবনের গান ২/৩

BeBrainer
IT'S POSSIBLE

শব্দ	অর্থ
বখতিয়ার খিলজি	আফগান সেনানায়ক; ১৭ জন সৈন্য নিয়ে নদীয়া দখল (১২০৩/০৪)
লক্ষ্মণ সেন	বাংলার সেন বংশের শেষ রাজা
অভিভূত	ভাবাবেগে বিহ্বল
ছন্দের দুকূল	ভাব ও ভাষা
জবাকুসুমসঙ্কাশ	জবাফুলের মতো
প্রথম জাগরণ-প্রভাতে	সচেতনতার সূচনালগ্নে
তিমিরবিদারী	অন্ধকার দূর করে যে, সূর্য

শব্দ	অর্থ
আলোর দেবতা	সূর্য
তিমিরকুন্তলা	অন্ধকার যার চুল, রাত্রি
লীলাভূমি	বিচরণস্থান, ক্রীড়াক্ষেত্র
জীর্ণ পুঁথি চাপা পড়িয়া	সংস্কার ও প্রথার চাপে পিষ্ট হয়ে
নাভিশ্বাস	মৃত্যুকালীন শ্বাসকষ্ট
অগ্নিমান্দ্য	অজীর্ণতা, ক্ষুধামন্দা
উর্দি	কর্মচারীদের নির্দিষ্ট পোশাক

শব্দার্থ ও টীকা: যৌবনের গান ৩/৩

BeBrainer
IT'S POSSIBLE

শব্দ	অর্থ
জীর্ণাবরণ	জরাজীর্ণ আচ্ছাদন
মার্তণ্ডপ্রায়	সূর্যের মতো
কালাপাহাড়	ধর্মান্তরিত মুসলিম যোদ্ধা; প্রলয়ংকর ধ্বংসের প্রতীক
কামাল	মুস্তাফা কামাল আতাতুর্ক; আধুনিক তুরস্কের জনক
মুসোলিনি	ইতালির একনায়ক, ফ্যাসিবাদী দলের নেতা
সানইয়াৎ	সান-ইয়াত-সেন; নব্য চীনের জন্মদাতা

শব্দ	অর্থ
লেনিন	রুশ বিপ্লবের নেতা (১৯১৭)
নীল মঞ্জুষার মণি	সমুদ্রের মূল্যবান রত্নপাথর
যৌবনের মাতৃরূপ	যৌবনের কোমল সেবাপরায়ণ দিক
মুরিদ	শিষ্য
সংস্কারাতীত	মেরামত করা সম্ভব নয় এমন
নিয়ামত	ধন-সম্পদ, অনুগ্রহ

MCQ প্র্যাকটিস: যৌবনের গান (১/২)

BeBrainer
IT'S POSSIBLE

১. কাজী নজরুল ইসলাম কত খ্রিষ্টাব্দে কোথায় জন্মগ্রহণ করেন?

ক ১৯০০, কলকাতায়
খ ১৮৯৮, ঢাকায়
গ ১৮৯৯, ময়মনসিংহে
ঘ ১৮৯৯, বর্ধমানের চুরুলিয়ায়

২. 'যৌবনের গান' প্রবন্ধে লেখক কী হয়ে তরুণদের মহাদান গ্রহণ করতে বলেন?

ক মধ্যমণি
খ দলপতি
গ সহযাত্রী
ঘ পূজারী

৩. কবি নিজেকে কোন পাখির মতো স্বভাবের বলে বর্ণনা করেছেন?

ক ময়ূরের মতো
খ বনের পাখির মতো
গ কোকিলের মতো
ঘ ঈগলের মতো

৪. 'বেচারা গানের পাখিকে' বলতে কবি কাকে বুঝিয়েছেন?

ক বনের পাখিকে
খ ময়নাকে
গ কোকিলকে
ঘ দোয়েলকে

৫. 'মোহনিদ্রা' শব্দের অর্থ কী?

ক গভীর ঘুম
খ মিষ্টি ঘুম
গ রাতের ঘুম
ঘ অচেতনতা, জড়তা

MCQ প্র্যাকটিস: যৌবনের গান (২/২)

BeBrainer
IT'S POSSIBLE

৬. 'লক্ষ্মণ সেন' কে ছিলেন?

ক ইংরেজ রাজা
খ মুঘল সম্রাট
গ ভারতের প্রথম রাজা
ঘ সেন বংশের শেষ রাজা

৭. 'সানইয়াৎ' বলতে কাকে বোঝানো হয়েছে?

ক নব্য চীনের জন্মদাতা
খ জাপানের নেতা
গ কোরিয়ার নেতা
ঘ ভারতের নেতা

৮. 'তিমিরবিদারী' শব্দের অর্থ কী?

ক আলো নেভায় যে
খ সূর্য
গ রাতের আঁধার
ঘ মশালের আলো

৯. 'মুরিদ' শব্দের অর্থ কী?

ক নেতা
খ শিষ্য
গ গুরু
ঘ বন্ধু

১০. 'সংস্কারাতীত' শব্দের অর্থ কী?

ক সংস্কারযুক্ত
খ মেরামত করা সম্ভব নয় এমন
গ নতুন সংস্কার
ঘ পুরনো সংস্কার

BeBrainer
IT'S POSSIBLE

অ

অসংখ্য ধন্যবাদ

মূল বই একবার নিজে পড়ো, উক্তিগুলো মনে থাকবে!

BeBrainer Nursing | It's Possible